উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ (৪৮তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ১০ নভেম্বর, ২০২২, সময়: বেলা ১১.৩০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | <u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u> | | সংশ্লিষ্ট সংস্থা প্রধান |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন <u>এবং</u> <u>হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:</u>**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (অক্টো:-নভে:/২২):**<br>-অক্টোবর/২০২২ মাসের আপ্যায়ন বিল বাবদ-৩০,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের ঘাস কাটা মেশিনের তেল ও মবিল ক্রয়ের বিল- ২,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামতের বিল পরিশোধ-৫০,০০০/- টাকা<br>- সামাজিক সম্প্রীতি কমিটির কার্য সম্পাদন আয়োজন বাবদ বিল পরিশোধ-৫,৫০০/- টাকা<br>- উপজেলা পরিষদের পানির ফিল্টার মেরামত বিল পরিশোধ-৩,৯২০/- টাকা<br>- সেপ্টে:/২০২২ মাসের উপজেলা পরিষদের বিদ্যুৎবিল পরিশোধ-১৯,১৩৩/- টাকা<br>-উপজেলা পরিষদের জন্য কেটলি ক্রয়ের বিল-১,৪০০/- টাকা<br>- উপজেলা অফিসার্স ক্লাবের এসি স্থাপন কাজের বিল -৬,৭৬০/- টাকা<br>-সেপ্টে:/২০২২ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>-সেপ্টে:/২০২২ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>- উপজেলা সমাজসেবা কর্তৃক পরিচালিত কমিউনিটি সেন্টার সংস্কার-১,৯৯,৮৭৭/-<br>- ভাইস চেয়ারম্যানের অক্টো:/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টো:/২০২২ মাসের সম্মানীভাতা -২৭,০০০/-টাকা<br>-মালীর অক্টো:/২২ মাসের মজুরী বাবদ- ১৩,৭৫০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর অক্টো:/২২ মাসের মজুরী বাবদ- ১৩,৭৫০/- টাকা<br>-উপজেলা পরিষদের জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন বিল পরিশোধ-৭,৩৫০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (অক্টো:-নভে:/২২):**<br>- উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে টিউবওয়েল স্থাপন (প্রকল্প-৩) কাজের বিল পরিশোধ-২,০০,০০০/- টাকা<br>-বহরপুর বাজারের মধ্য বাজারে কসাইখানা অভ্যন্তরীন সড়ক আরসিসি দ্বারা নির্মাণ, (২) সোনাপুর বাজারে মনিরের দোকান হতে ক্লাব পর্যন্ত অভ্যন্তরীণ সড়ক পর্যন্ত অভ্যন্তরীন সড়ক আরসিসি দ্বারা নির্মাণ কাজের বিল পরিশোধ-১৫,২৩,৩৭২/- টাকা<br>-বড়হিজলী পাকা সড়ক- নারুয়া সোনাপুর জিসি সড়ক ভায়া মালেক সরদারের বাড়ী (১৮২মি.) অসমাপ্ত ইটের উন্নয়ন কাজের বিল-১৬,১০,৫৪৬/-টাকা<br>-চামটা উচ্চ বিদ্যালয়ের দুটি শ্রেনী কক্ষের ও সিঁড়ি ছাদ পর্যন্ত নির্মাণ কাজের বিল-১৮,২৩,২৬০/- টাকা<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে <u>পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা (আগস্ট/২২- সেপ্টে:/২২):</u>**<br>- গবাধিপশু ও হাঁস মুরগির সুষম খাদ্য ও এএমআর সচেতনতার মাধ্যমে টেকসই খামার | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন পরিচালন, এডিপি ও হাট-বাজার খাতসমূহের ব্যয়কৃত অর্থের বিপরীতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপক বিষয়ক প্রশিক্ষণ এর চূড়ান্ত বিল বাবদ-৪৩,১১০/- টাকা<br>- মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ এর চূড়ান্ত বিল-৩৮,৪১০/-টাকা<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা ( সেপ্টে:/২২-অক্টো:/২২):** চলতি সময়ে কোন প্রকল্পের কার্যক্রম নিষ্পত্তি হয়নি<br>**(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (আগস্ট/২২- সেপ্টে:/২২):**<br>-বাংলা ১৪২৮ সনের তেঁতুলিয়া হাটের ৫% জামানত ফেরত-১৪,১০০/- টাকা | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি দপ্তরভিত্তিক পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রত্যেকটি বিভাগের বিভিন্ন সমস্যাদির উপর আলোকপাত করেন। প্রসংগক্রমে উপজেলার বিভিন্ন রাস্তায় কর্তৃনকৃত গাছের বিষয়ে উপজেলা মাসিক সভার (৩৭তম) 'বিবিধ অংশের ২ নং ক্রমিকে'র সিদ্ধান্ত নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয় এবং ৩৭তম উপজেলা মাসিক সভার 'বিবিধ অংশের ২নং ক্রমিকে'র সিদ্ধান্ত বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডা. সজল কুমার সোম জানান যে, উপজেলা হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম ও সেবা সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালিত হচ্ছে। অক্টোবর মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মাইক্রো প্ল্যানের মাধ্যমে (৫-১১) বছর বয়সী শিশুদের সফলতার সাথে কোভিড ভ্যাক্সিন প্রদান করা হয়েছে।বর্তমানে সারাদেশের মত বালিয়াকান্দি উপজেলাতে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে । উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু রোগ নির্ণয়, ডেঙ্গু রোগীর চিকিৎসা সফলভাবে পরিচালিত হচ্ছে। যেহেতু এডিস মশার মাধ্যমে ডেঙ্গু রোগ ছড়ায়, তাই মশার বংশ বিস্তার রোধ, পানিবদ্ধতা দূরীকরণ, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ও মশক নিধন কর্মসূচী গ্রহণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে আরো জানান যে, ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এ আমাদের উদ্ভাবনী প্রকল্প Tree Fencing এর জন্যউপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ডেঙ্গু রোগের বাহক মশা নিধনের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসহ উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব খায়ের উদ্দিন আহম্মেদ জানান যে, তিনি এ উপজেলায় নতুন যোগদান করে আজকে প্রথম উপজেলা মাসিক সমন্বয় সভায় যোগদান করেছেন। তার দপ্তরের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়। অফিসের যে সমস্ত সমস্যাদি রয়েছে তা সফলতার সাথে সমাধানের জন্য নতুন যোগদানকৃত কর্মকর্তার উপর সভায় সভাপতিসহ সকলে আশাবাদ ব্যক্ত করেন। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার নতুন যোগদানকৃত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে মুজিব বর্ষ উপলক্ষ্যে প্রদানকৃত ঘরের বসবাসকারীরা যাতে তার অফিসের সকল সুবিধা পায়, সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার মাধ্যমে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | স্বাভাবিক সেবা প্রদানের পাশাপাশি মুজিব বর্ষ উপলক্ষ্যে প্রদানকৃত ঘরের উপকারভোগীদের কৃষি সংক্রান্ত সকল সুবিধা প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের বক্তব্যের শুরুতে উপজেলা নির্বাহী অফিসার মুজিব বর্ষের ৫০০ ঘরের উপকারভোগীদের মধ্যে কিছু উপকার/সুবিধা দেওয়া যায়। বিশেষ করে তাদের আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান শুরু করা হয়েছে মর্মে উপজেলা কৃষি অফিসার জানান। তিনি আরো জানান যে, কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণের লক্ষ্যে শুধুমাত্র জামালপুর ইউনিয়ন থেকে তালিকা পাওয়া গিয়েছে। অন্যান্য ইউনিয়ন থেকে তালিকা না পাওয়ায় প্রণোদনা বিতরণ করা সম্ভব হচ্ছে না। এছাড়া সঠিক সময়ে কৃষকদের মাঝে সার পাওয়ার বিষয়টির উপর গুরুত্বারোপ করেন। এ পর্যায়ে জানান আগামী ১৬/১১/২০২২ খ্রি. তারিখ এমপি মহোদয়ের উপস্থিতিতে সিডর বিতরণ করা হবে। প্রসংগক্রমে বলেন যে, যাদের নামে অভিযোগ রয়েছে তাদের সিডর দেওয়া হবে না। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ আবাসিক এলাকার মধ্যে বিভিন্ন প্রকার সবজি এবং সূর্য্যমূখী ফুলের চাষ করণের বিষয়ে উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | প্রান্তিক পর্যায়ে সার প্রাপ্যতা নিশ্চিতকরণসহ প্রাপ্য সিডরগুলো সুন্দর ও সুষ্ঠুভাবে বিতরণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আগামী নভেম্বর/২২ হতে জুন/২৩ পর্যন্ত জাটকা সংরক্ষণ কাজে সহযোগিতা করার জন্য সভায় সকলকে অনুরোধ করেন। | জাটকা ইলিশ সংরক্ষণ কার্যক্রমে সকলের সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, চলতি সেপ্টেম্বর/২২ মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৫,৫৭৮ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৩,৯৫৮ জন এবং গ্রহণকারীর হার ৭৪.৫১%। স্থায়ী পদ্ধতি পুরুষের সংখ্যা- ০০জন, স্থায়ী পদ্ধতি মহিলার সংখ্যা-০১জন, আইইউডি-১৪ জন, ইমপ্লান্ট-২২ জন, নবদম্পতির সংখ্যা-৪৯ জন। নরমাল ডেলিভারী সংখ্যা-১০ জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব পারমিস সুলতানা জানান যে, অক্টোবর/২২ মাসে বেশ কিছু স্কুল পরিদর্শন করা হয়েছে। প্রসংগক্রমে তিনি বাসাবাড়ী স্কুলের অবকাঠামো নির্মাণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান যে, তিনি ইউপি চেয়ারম্যান থাকাকালীন অবস্থায় একটি ভবন ও বারান্দা নির্মাণ করেছেন । উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আরো জানান যে, ডিজিটাল উদ্ভাবনী মেলায় ১১টি স্কুল অংশ গ্রহণ করেছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী ১৩ নভেম্বর মীর মশাররফ হোসেনের জন্ম দিবস উদযাপিত হবে । উক্ত জন্ম দিবসে সকলে আমন্ত্রিত। সকল দপ্তরের প্রধানসহ আশেপাশের স্কুল কলেজ হতে ছাত্র-ছাত্রীদের অংশের গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | শিক্ষা কার্যক্রমকে গতিশীল আনয়নের লক্ষ্যে সকল ভূমিকা পালনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় এবং এ বিষয়ে উপজেলা পর্যায়ের সকল দপ্তর হতে সহযোগিতা প্রদানের জন্য আশ্বাস প্রদান করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি খাতে ১ম ও ২য় কিস্তিতে মোট ৩১.০৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে এডিপি'র বরাদ্দকৃত উক্ত অর্থ হতে চলতি মাস পর্যন্ত ১৫,৩০,৮৭৩/- (পনের লক্ষ ত্রিশ হাজার আটশত তিয়াত্তর) টাকা দ্বারা ৪টি প্রকল্প, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ১,৫০,৩৫,৮৯৫/- টাকা দ্বারা ৩৯টি প্রকল্পের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। এছাড়া রাজস্ব তহবিল ও অন্যান্য খাত হতে গৃহীত প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br>২। এ পর্যায়ে তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের আসবাবপত্র সংগ্রহ/ মেরামত খাত হতে উপজেলা পরিষদের বেশ কিছু পুরাতন আসবাবপত্র মেরামত ও বার্নিস করা হয়েছে। উক্ত কাজের বিপরীতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় আলোচনা করেন। | বিশেষ তদারকির মাধ্যমে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। আসবাবপত্র মেরামত ও বার্নিসকরণের বিলটি ভূতাপেক্ষভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান প্রতিবন্ধীর ২০২২-২০২৩ অর্থ বছরে ভাতা প্রদান কর্মসূচিতে মোট ৫১২ জন আবেদন এর প্রেক্ষিতে ৩৬৩ জনের বরাদ্দ পাওয়া গিয়েছে। বয়স্ক বিধবাভাতা কোন উপজেলাতে বরাদ্দ পাওয়া যায়নি। সবচেয়ে দুস্থ্য এবং বয়স্কদের মধ্যে হতে ৩৬৩ জনের চূড়ান্ত তালিকা প্রস্তুত করতে হবে। এছাড়া জানান যে, বিকাশ নাম্বার সঠিক থাকলে আমরা দ্রুত ভাতা দিতে পারবো। ১ম কিস্তির অর্থ ২৫৩ জন বাদে সকল ভাতাভোগীর মোবাইলে পৌছে দেওয়া হয়েছে। এছাড়া তিনি আরো জানান যে, মৃত ভাতাভোগীর প্রতিস্থাপন তথ্য এখনো কয়েকটা ইউনিয়ন থেকে পাওয়া যায়নি। মৃত ভাতাভোগীর প্রতিস্থাপনের জন্য ইউনিয়ন পরিষদ থেকে তালিকা দ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।<br>২। এ পর্যায়ে ইউপি চেয়ারম্যান এবং বিভিন্ন মহল হতে উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রম নিয়ে অভিযোগ উত্থাপিত হয় এবং বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। অভিযোগগুলো লিখিত আকারে দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানদের জানানো হয় । উক্ত তদন্তের জন্য ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১) ভাতা প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>২) সভায় বিস্তারিত আলোচনান্তে উত্থাপিত অভিযোগসমূহ তদন্তপূর্বক আগামী সভায় প্রতিবেদন দাখিলের জন্য নিম্নরূপ ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১)জনাব আফরোজা জেসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- আহবায়ক, ২) জনাব মিয়াদ হোসেন, | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | একাডেমিক সুপারভাইজার- সদস্য ও ৩) জনাব মোঃ চঞ্চল শেখ, উপজেলা সহকারী শিক্ষা অফিসার- সদস্য। | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা পরিলক্ষিত হচ্ছে না। | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির চলমান চক্র ২০২১-২০২২ এর মেয়াদ ডিসেম্বর/২২ মাসে শেষ হবে এবং ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি এর নতুন ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গিয়াছে এবং এ বিষয়ে উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভা করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির পরিবর্তিত নাম মা ও শিশু সহায়তা কর্মসূচি সংক্রান্ত উপজেলা পর্যায়েও একটি অবহিতকরন সভা করা হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের ১৭ব্যাচের পাশাপাশি ১৮তম ব্যাচের প্রশিক্ষণার্থী বাছাইয়ের নির্দেশনা পাওয়া গিয়াছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সঠিক ভাতাভোগী নির্বাচন এবং প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম যথার্থভাবে সম্পন্নের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি, সমবায় বিভাগীয় ৮৬টি প্রাথমিক সমিতি এবং কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগের আওতাভুক্ত ১০০টি প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। যার বার্ষিক অডিট, পরিদর্শন, তদন্ত ও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পভুক্ত একটি সমবায় সমিতি রয়েছে। যেখানে সদস্যদের মধ্যে ২৭,৯০,০০০/- টাকা ক্রমপুঞ্জিভূত সরকারি ঋণ প্রদান করা হয়েছে। | সমিতির কার্যপরিধি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সার্বিক সহযোগিতায় ১লা নভেম্বর জাতীয় যুব দিবস সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া কম্পিউটার ভ্যানে নভে:/২২ ও ডিসে:/২২ মাস ব্যাপী ভ্রাম্যমান কম্পিউটার ও নেটওয়াকিং প্রশিক্ষণ শুরু হয়েছে। উক্ত প্রশিক্ষণের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ বিভাগীয় অন্যান্য কর্মকর্তাবৃন্দ। এছাড়া ঋণ কার্যক্রমের আওতায় ৯৯.৭৫% ক্রমপুঞ্জিভুত আদায় হয়েছে। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ভ্রাম্যমান কম্পিউটার ও নেটওয়াকিং প্রশিক্ষণ ফলপ্রসু করার লক্ষ্যে যথার্থ পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় অবৈধ করাতকলের বিরুদ্ধে বিদ্যুৎ বিচ্ছিন্ন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে মোবাইলকোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। প্রসংগক্রমে তিনি আরো জানান যে, পুরাতন কোড বিল্ডিংয়ের পাশদিয়ে বন অফিসে প্রবেশের রাস্তার অবস্থা ভাল না, বিধায় ১০০ ফুট রাস্তা উপজেলা পরিষদের অর্থায়নে উন্নয়নের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া বন বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অবৈধ করাতকলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে তারিখ নির্ধারণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের আওতায় গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এর আওতায় ৩৪,৬৫,৪২৮/৪৫টাকা ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এর আওতায় বরাদ্দকৃত টাকার পরিমান ৪৪,৬১,৭৫৯/৫৬ টাকা এবং বরাদ্দকৃত চাউল২৯.৭৪৫৪ মে.টন ও বরাদ্দকৃত গমের পরিমান ২৯.৭৪৫৪ মে.টন। উক্ত বরাদ্দসমূহ দ্বারা অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে। দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিক ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ১৮২ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ এখনো বিভাজন করা হয়নি। তিনি আরো জানান যে, ১০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ এবং ১৮টি কমিউনিটি নলকূপের কাজ চলমান রয়েছে। এছাড়া সকল প্রকার কাজ সুন্দর ও সুষ্ঠভাবে চলমান রয়েছে। | বরাদ্দ প্রাপ্ত নলকূপসমূহের সঠিকভাবে বিভাজন করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)) | ০১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জনান যে, ৫ম পর্যায়ের সোনাপুর বাজারের ড্রেন নির্মাণ এবং রামদিয়া খালে কালভার্ট নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া ৪র্থ ও ৫ম পর্যায়ের সকল অবকাঠামোর কাজ শেষ হয়েছে।<br>০২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জনান যে, ৪র্থ পর্যায়ের ১ টি এবং ৫ম পর্যায়ের ২ টি প্রশিক্ষণ ব্যতিত সকল প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হয়েছে। কিন্তু ৫ম পর্যায়ের যুবকদের ফিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণে পর্যাপ্ত যোগ্যতা সম্পন্ন আবেদন না পাওয়ায় প্রশিক্ষণটি বাস্তবায়ন সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় প্রশিক্ষণ পরিবর্তন করা আবশ্যক।<br>অন্যান্য সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবেই চলছে। | ০১। চলমান অবকাঠামো প্রকল্পসমূহের গুণগতমান বজায় রাখা জন্য মনিটরিং জোরদার করার অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে ফিল্যান্সিং প্রশিক্ষণের পরিবর্তে "যুবদের হ্যান্ডপেইন্টিং বিষয়ক প্রশিক্ষণের প্রস্তাব দ্রুত সময়ের মধ্যে পিএমইউতে প্রেরণের জন্য ইউডিএফ কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর |
| ২০ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান অক্টোবর/২০২২ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে ৪৬৫ জন নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্ত ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২১ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী জানান যে, উপজেলা পরিষদের ১৭টি কমিটির কার্যক্রম অনেক পিছিয়ে রয়েছে। এ সকল কমিটির রেজুলেশন প্রতিনিয়ত ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। এ সংক্রান্ত রেজুলেশন অদ্যবধি না পাওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় । এ পর্যায়ে অন্যান্য দপ্তরের গৃহীত কার্যক্রম যথারীতি সুন্দরভাবে পরিচালনার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করে বিস্তারিত আলোচনা করা হয়।<br>২) এ পর্যায়ে উপজেলা চেয়ারম্যান সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে উপজেলা পরিষদের ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। উহা অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী ০১ সাপ্তাহের মধ্যে ১৭টি কমিটির অন্তত: ০৩টি করে রেজুলেশন দাখিলের জন্য পুনরায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে অনুরোধ করা হয়।<br>২) আলোচনান্তে ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক আর্থিক প্রতিবেদন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিববৃন্দ |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০/১১/২২
মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- ২১৪

তারিখ: ১০ নভেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ........................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান ......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

১০/১১/২২
আম্বিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা: সজল কুমার সোম | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা: খায়ের উদ্দীন আহম্মেদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ জাহিদুজ্জামান এর পক্ষে | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব পারমিস সুলতানা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব জাহিদুর রহমান এর পক্ষে | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২১ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব এস এম খায়রুল আলম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব নাজিউর রহমান | ইউডিএফ, ইউডিজিপি | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| - | - | - |